



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপিটি অনুবিভাগ
সিপি-৩ শাখা



বিষয়: জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিটিজেন্স চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) হালনাগাদকরণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির
২০২১-২০২২ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী

সভাপতি	ড. মোঃ সহিদউল্লাহ অতিরিক্ত সচিব (সিপিটি) ও সভাপতি, সিটিজেন্স চার্টার হালনাগাদকরণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি।
সভার তারিখ	০৩/০৩/২০২২
সভার সময়	বিকাল ৩.০০ ঘটিকা।
স্থান	অতিরিক্ত সচিব (সিপিটি) মহোদয়ের অফিস কক্ষ [ভবন নং-৩, কক্ষ নং-১০১, দ্বিতীয় তলা]
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভাকে জানান যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সেবাপ্রাপ্তি সহজ ও নিশ্চিত করার লক্ষ্যে একটি সুসংবদ্ধ সিটিজেন্স চার্টার প্রণয়ন ও তা নিয়মিত হালনাগাদ করে প্রদর্শন অত্যন্ত জরুরি। ইতোমধ্যে এ মন্ত্রণালয়ের বেশ কিছু সেবা সহজীকরণ ও ডিজিটাইজেশনের আওতায় এসেছে। যার ফলে সেবা প্রদানের কাঠামো, সেবা প্রদানের পদ্ধতিগত পরিবর্তন হয়েছে। পরিবর্তিত প্রেক্ষাপটে বিদ্যমান সিটিজেন্স চার্টারেও প্রয়োজনীয় পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজন আবশ্যিক। এ সকল বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য সভা আহ্বান করা হয়েছে।

২। সভাপতির অনুমতিক্রমে পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব ১ম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সভায় উপস্থাপন করেন। তিনি জানান, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিটিজেন্স চার্টার শাখার পরিবর্তে সেবা ভিত্তিক ফরমেটে দ্বিতীয় ত্রৈমাসিকে গত ২৯ ডিসেম্বর ২০২১ তারিখ হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। বিগত সভার তিনটি সিদ্ধান্তই বাস্তবায়িত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

৩। গত ০১ মার্চ ২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আয়োজিত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অর্ধবার্ষিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিটিজেন্স চার্টার বিষয়ে প্রাপ্ত নির্দেশনাসমূহ সভায় আলোচনা করা হয়। একই সঙ্গে সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করা হয়। সভায় আলোচনা করা হয় যে, বিদ্যমান সিটিজেন্স চার্টারে বেশ কিছু সেবার মেয়াদ উত্তীর্ণ হয়েছে বিধায় এ মন্ত্রণালয় হতে উক্ত সেবাসমূহ আর প্রদান করা হচ্ছে না। এ সকল সেবাকে চিহ্নিত করে সিটিজেন্স চার্টার হতে বাদ দেওয়া প্রয়োজন। সিটিজেন্স চার্টারে সেবা গ্রহণের জন্য কোন ফরম পূরণের উল্লেখ থাকলে বর্ণিত ফরম প্রাপ্তির সুনির্দিষ্ট লিংক উল্লেখ করতে হবে এবং এইচটিএমএএল লিংকে সংশ্লিষ্ট ফর্মটি সিটিজেন্স চার্টারের নির্দিষ্ট অংশে সরবরাহ করতে হবে। সেবার জন্য চুক্তি/ প্রস্তাব/ চাহিদাপত্র প্রেরণের প্রয়োজন হলে যথাক্রমে চুক্তিপত্রের নমুনা/ প্রস্তাব/ চাহিদাপত্রের সুনির্দিষ্ট ফর্ম লিংকের মাধ্যমে সংযুক্ত করতে হবে। সেবার জন্য কোন কাগজপত্র সংযুক্ত আকারে দেয়ার বাধ্যবাধকতা থাকলে কাগজপত্রের বিবরণ, সংখ্যা এবং সত্যায়ন প্রয়োজন কি-না তা উল্লেখ করতে হবে। সংযুক্ত কাগজপত্রের সংখ্যা কমানো যায় কি-না তাও বিবেচনা করতে হবে।

৪। আলোচনার পরিপ্রেক্ষিতে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:


সিদ্ধান্ত:

(১) মেয়াদোত্তীর্ণ সেবাসমূহ চিহ্নিত করে সিটিজেনস চার্টার হতে বাদ দিতে হবে।

(২) সিটিজেনস চার্টারে যে সকল সেবার ক্ষেত্রে ফরমের উল্লেখ রয়েছে সেখানে সংশ্লিষ্ট ফরমের লিংক সংযোজন করতে হবে।

(৩) সিটিজেনস চার্টার হালনাগাদকরণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি আগামী সভাগুলোতে পর্যায়ক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুবিভাগ ভিত্তিক সিটিজেনস চার্টার বিস্তারিত ভাবে পরিবীক্ষণ করা হবে। সংশ্লিষ্ট অনুবিভাগের সিটিজেনস চার্টার সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাবৃন্দকে সভায় আমন্ত্রণ জানাতে হবে।

০৫। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মোঃ সহিদউল্লাহ

অতিরিক্ত সচিব (সিপিটি) ও সভাপতি,
সিটিজেনস চার্টার হালনাগাদকরণ ও বাস্তবায়ন
পরিবীক্ষণ কমিটি।


স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৭.০৫.০০২.২১.১৯২৮

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৮

০৮ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/সিপিটি/বিধি/সওব্য/শৃঙ্খলা ও তদন্ত/সংস্কার ও গবেষণা/আইন), জনপ্রশাসন মন্ত্রণালয়
- ২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) যুগ্মসচিব, শৃঙ্খলা-২ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) যুগ্মসচিব, সওব্য-১ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) যুগ্মসচিব, বাবাকে অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৬) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৭) যুগ্মসচিব, আইন অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৮) যুগ্মসচিব, মাঠ প্রশাসন, অভ্যন্তরীণ ও নব নিয়োগ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৯) যুগ্মসচিব, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১০) যুগ্মসচিব, বিধি-১ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (কার্যবিবরণীটি সিটিজেনস চার্টারের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)



মৌরীন করিম
সিনিয়র সহকারী সচিব